



চাকুরীর বিজ্ঞাপনে বাংলা ভাষাকে অন্তর্ভুক্ত না করার প্রতিবাদ

১৯ সেপ্টেম্বর ২০২০

অধ্যাপক দিলীপ কুমার দে, সাধারণ সম্পাদক, সক্রিয়পন্থী প্রবীণ নাগরিক মঞ্চ, শিলচর



সক্রিয়পন্থী প্রবীণ নাগরিক মঞ্চ, শিলচর

১. জাতীয় স্বাস্থ্য মিশন, আসাম, এর সঞ্চালক এক বিজ্ঞপ্তি প্রকাশ করে ৬০ জন 'আরোগ্য মিত্র' (এ-আর-এম) এবং ৩৬৯ জন 'প্রধান মন্ত্রী আরোগ্য মিত্র' পদে দরখাস্ত আহ্বান করেছেন। তাতে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে যে প্রার্থীদের অবশ্যই অসমীয়া, ইংলিশ ও হিন্দি - এই তিন ভাষায় ভাল দক্ষতা থাকতে হবে। কিন্তু বরাক উপত্যকায় ১৬০ টি পদ (কাছাড়ে-৬০, করিমগঞ্জে-৬০, হাইলাকান্দিতে-৪০) রয়েছে। তাহলে বরাকে কি বাংলা লাগবে না? বরাকের সরকারি ভাষা আইন উপেক্ষা করে ঐ কর্মীরা কি অসমিয়ায় কাজ চালাবেন? বরাকের প্রার্থীরা মাধ্যমিকে অসমীয়া না থাকায় এই পদগুলিতে দরখাস্ত করতেই পারবেন না।

ই-মেইল যোগে এই বিজ্ঞপ্তির প্রতিবাদ পত্র পাওয়ার পর ঐ দিনই জাতীয় স্বাস্থ্য মিশনের সঞ্চালক সক্রিয়পন্থী প্রবীণ নাগরিক মঞ্চের সাধারণ সম্পাদক অধ্যাপক দিলীপ কুমার দে 'কে তার উত্তরে জানিয়ে দেন যে বাংলা ভাষায় দক্ষতা থাকার কথাটি যুক্ত করা হবে ও বরাক উপত্যকায় নিয়োগের ক্ষেত্রে সেটাকে অবশ্য প্রয়োজনীয় বলে গণ্য করা হবে। বিজ্ঞাপনে সংশোধনী দেওয়া হবে।

২. সারা আসামে বিভিন্ন মাধ্যমের প্রোভিন্সিয়ালাইজড (প্রাদেশিকৃত) হাইস্কুল সমূহে ৫৭৪৬ জন স্নাতক শিক্ষককে শূন্য পদের বিপরীতে নিযুক্তি দেবার জন্য দরখাস্ত চেয়ে বিজ্ঞাপন প্রকাশ হয়েছে ১২ সেপ্টেম্বর তারিখে। প্রার্থীদের মাধ্যম অনুসারে অন্ততঃ মাধ্যমিক পরীক্ষা সেই ভাষায় পাশ করা আবশ্যিক বলে উল্লেখ রয়েছে। কিন্তু ইংরেজি মাধ্যমে পাশ করা প্রার্থীরা যদি অসম সাহিত্য সভা পরিচালিত 'অসমীয়া ডিপ্লোমা কোর্স' পাশ করেন তবে তারা যোগ্য বলে বিবেচিত হবেন। অথচ বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন কর্তৃক সরকার অনুমোদিত 'বাংলা ডিপ্লোমা কোর্স' পাশদের এবার সে সুযোগ দেওয়া হল না। এর আগে কিন্তু সুযোগ দেওয়া হয়েছিল।

বিভিন্নভাবে বরাকের প্রার্থীদের বঞ্চনা করার এসব পরিকল্পিত চক্রান্তের প্রতি সক্রিয়পন্থী প্রবীণ নাগরিক মঞ্চ দৃঢ় প্রতিবাদ জানিয়ে পৃথক পৃথক স্মারকলিপি স্বাস্থ্য ও শিক্ষা দপ্তরে প্রেরণ করে সংশোধন দাবি করেছেন। এগুলির প্রতিলিপি বরাকের জন প্রতিনিধিদের কাছেও প্রেরণ করে হস্তক্ষেপ দাবি করেছেন।

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য সংস্কৃতি সম্মেলন পৃথকভাবে এই দুটি বিষয়ে প্রতিবাদ জানিয়ে বাংলাকে ও বাংলা ডিপ্লোমা পাশ প্রার্থীদের যোগ্যতার অন্তর্ভুক্ত করার দাবি জানিয়ে স্মারকপত্র পাঠিয়েছিলেন। শেষ পর্যন্ত আসামের শিক্ষা কমিশনার সম্মেলনের সাধারণ সম্পাদক শ্রী গৌতম প্রসাদ দত্তকে জানিয়ে দেন যে বাংলা ডিপ্লোমাকে অন্তর্ভুক্ত করা হবে। এই বাংলা ডিপ্লোমার পাঠ পরিচালনা করেন বরাক বঙ্গের শিক্ষা কেন্দ্র। এটি আসাম সরকার অনুমোদিত একটি বিধিবদ্ধ ডিপ্লোমা। এই কেন্দ্রের সঞ্চালকের দায়িত্বে আছেন অধ্যাপক দিলীপ কুমার দে, এবং রেজিস্ট্রার ও পরীক্ষা নিয়ন্ত্রক রূপে দায়িত্ব সামলাচ্ছেন যথাক্রমে ডঃ সব্যসাচী রায় ও শ্রী সঞ্জীব দেবলস্কর।

পরিশেষে উভয় ক্ষেত্রেই বাংলা ভাষাকে যোগ্য সম্মান দিয়ে সরকার সংশোধনী প্রকাশ করেছেন।

অধ্যাপক দিলীপ কুমার দে

সাধারণ সম্পাদক,

সক্রিয়পন্থী প্রবীণ নাগরিক মঞ্চ, শিলচর -৫

ফোন : ৮৬৩৮৪৯৪২৬৮

D.K.Dey

Former Prof & Principal

R-7,

Ramkrishna Sarani

Silchar-12,India-788005